



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা

Website: www.bmeb.gov.bd



নং বামাশিবো/ইবতেদায়ী নীতিমালা-২০১৮/বিবিধ/৯৮০

তারিখ : ১৯ / ১২ / ২০১৮

বিষয় : স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার স্বীকৃতির মেয়াদবৃদ্ধির (নবায়ন) জন্য প্রয়োজনীয় কাগজপত্র।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ১৮/১১/২০১৮ তারিখের নীতিমালা।

১. একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির ফি (প্রতি বছর) বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রেজিস্ট্রার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুকূলে জমা দিতে হবে।
২. মাদ্রাসার সংরক্ষিত তহবিল হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা যে কোন তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত (FDR) এর সত্যায়িত ফটোকপি এবং ব্যাংক প্রত্যয়নপত্র জমা দিতে হবে (মেয়াদ থাকতে হবে)।
৩. মাদ্রাসার সাধারণ তহবিল হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা স্থিতির হালনাগাদ ব্যাংক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
৪. সাম্প্রতিক ০৩ (তিন) বছরের ইবতেদায়ী সমাপনী পরীক্ষার (প্রতিবছর কমপক্ষে মহানগর/পৌর/শহর এলাকায় ২০ জনে ১৫ জন এবং গ্রাম এলাকায় ১৫ জনে ১০ জন উত্তীর্ণ হতে হবে) নম্বরপত্র/সনদ পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
৫. নীতিমালার আলোকে জনবল কাঠামো অনুযায়ী নিয়োগকৃত শিক্ষক তালিকা জমা দিতে হবে।
৬. নিয়োগকৃত শিক্ষকদের নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সভাপতির মাধ্যমে প্রদান করতে হবে। নিয়োগপত্র, যোগদানপত্র, পরিদর্শন বিবরণী (১৩১৫) ফরম যথাযথভাবে পূরণ করে সকল একাডেমিক সনদপত্র, রেজুলেশন, পত্রিকার বিজ্ঞপ্তি, নিয়োগ বোর্ডের ফলাফল শীট এবং সভাপতি/পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক প্রতি পৃষ্ঠায় প্রতিস্বাক্ষরিত করে জমা দিতে হবে।
৭. নতুন নীতিমালা (১৮/১১/২০১৮) অনুযায়ী উপজেলা ইবতেদায়ী শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদিত ম্যানেজিং/অর্গানাইজিং কমিটির সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


১৮/১২/১৮
মাদ্রাসা পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।


১৮/১২/১৮


১৮/১২/১৮